# ডেমোক্রেসি অ্যাট ওয়ার্ক ফান্ড

## প্রস্তাব আহবান

## ডেমোক্রেসি অ্যাট ওয়ার্ক ফান্ড: সামনের সারির কর্মীদের জন্য একটি সংহতিমূলক তহবিল

*শ্রম অধিকার, গণতন্ত্র এবং একটি ন্যায্য উত্তরণের পারস্পরিক সংযোগস্থলে কর্মপ্রচেষ্টার নেতৃত্ব দেওয়া সামনের সারির কর্মীদের সংগঠনগুলোর মধ্যে সহনশীলতা গড়ে তোলার জন্য একটি সহযোগিতামূলক তহবিল।*

বিশ্বব্যাপী কর্মীরা অধিকার এবং সমতার বিষয়ে সংগ্রামের সামনের সারিতে রয়েছেন। ন্যায্য মজুরি, সুযোগ-সুবিধা ও সুরক্ষার জন্য তাদের সমর্থনের আহবান জানানোর এই সময়ে, তারা একাধিক বৈশ্বিক সংকটের সম্মুখীন হচ্ছেন – ঐতিহাসিক মাত্রার অসমতার মধ্যে জীবনযাত্রার ব্যয় ক্রমশ বৃদ্ধি পাওয়ার সংকট, জলবায়ু জনিত জরুরি পরিস্থিতির কারণে পরিবেশের অবস্থার চরম পর্যায়ের অবনতি ত্বরান্বিত হওয়া, সংঘাত, ক্রমবর্ধমান জেনোফোবিয়া, এবং নাগরিক স্বাধীনতা হ্রাস পাওয়া এবং গণতান্ত্রিক স্থানের অবক্ষয়।

বিভিন্ন অঞ্চলজুড়ে শ্রম অধিকারের পক্ষে লড়াই চালিয়ে যাওয়া ব্যক্তিরা বর্বর হামলা, নির্বিচারে আটক, এবং সংশ্লিষ্টতা ও সম্মেলনের স্বাধীনতায় সীমাবদ্ধতার সম্মুখীন হচ্ছেন। জলবায়ু সংকট তীব্রতর হওয়ার এই সময়ে, হিট স্ট্রেস এবং চরম বিরূপ আবহাওয়া খনি শ্রমিক থেকে শুরু করে কৃষি খাত, নির্মাণকাজ থেকে শুরু করে পোশাক শিল্প সহ একাধিক খাতের কর্মীদের নিত্যদিনের স্বাস্থ্য ঝুঁকি বাড়িয়ে দিচ্ছে। এসব সংকটের প্রভাব সর্বত্র একই রকম নয়, কিন্তু এগুলো মহিলা, অভিবাসী কর্মী এবং কম-মজুরির, অনানুষ্ঠানিক ও ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ব্যক্তিদেরকে বৈষম্যমূলকভাবে প্রভাবিত করছে। মৌলিক স্বাধীনতা খর্ব হওয়ার একটি শীতল প্রভাব রয়েছে, যা এসব গোষ্ঠীর জন্য তাদের কণ্ঠস্বর জানান দেওয়া কঠিন করে তুলছে।

শ্রম অধিকার আন্দোলনের পক্ষে সমর্থন জোরদার করার জন্য এবং কর্মীবৃন্দ — এবং তাদের ইউনিয়ন ও কমিউনিটি — যাতে একটি ন্যায্য উত্তরণের পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে আলোচনার টেবিলে একটি স্থান পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি মুহূর্ত। সামষ্টিক পদক্ষেপের বৃহত্তম বহুদেশীয় রূপ হিসেবে, কর্মী সংগঠনগুলোর তৃণমূল পর্যায়ে সক্রিয় হওয়ার, উন্নত কর্মসংস্থান এবং সামাজিক সুরক্ষার জন্য সমঝোতা করার, এবং অর্থনৈতিক, লিঙ্গভিত্তিক ও জাতিগত সমতার বিষয় নিয়ে আলোচনা করবে এমন জলবায়ু পরিকল্পনাগুলো এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে নজিরবিহীন সক্ষমতা রয়েছে।

ডেমোক্রেসি অ্যাট ওয়ার্ক ফান্ড (Democracy at Work Fund) কর্মীদের সংগঠনগুলোর সহনশীলতা গড়ে তোলা এবং সামর্থ্য জোরদার করার লক্ষ্য নিয়ে এশিয়া, আফ্রিকা এবং লাতিন আমেরিকার সামনের সারির সংগঠনগুলোকে ক্ষুদ্র অনুদান প্রদান করার জন্য একাধিক তহবিলদাতার তরফ থেকে প্রাপ্ত সহায়তাকে একত্রিত করেছে। এই তহবিল অনানুষ্ঠানিক অর্থনীতিতে সরাসরি কর্মীদের নেতৃত্বে পরিচালিত প্রচেষ্টাসমূহ, মহিলা এবং অভিবাসীদের নেতৃত্বাধীন সংগঠনগুলোর দ্বারা পরিচালিত প্রচেষ্টাসমূহ এবং সেইসাথে কর্মীদের অধিকার, লিঙ্গভিত্তিক ন্যায়বিচার, জাতিগত ন্যায়বিচার, এবং জলবায়ু ন্যায়বিচারের পারস্পরিক সংযোগস্থলে পরিচালিত প্রচেষ্টাসমূহকে অগ্রাধিকার দেয়।



**নিম্নলিখিত ক্ষেত্রগুলোতে কাজ করার জন্য সহায়তা প্রদান করা হবে:**

ভৌত ও ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার জন্য সামর্থ্য জোরদার করা, উদাহরণস্বরূপ:

- ডিজিটাল এবং ভৌত হুমকিসমূহ মোকাবেলা করার উদ্দেশ্যে সুরক্ষামূলক পদ্ধতি প্রতিষ্ঠা করা, নিরাপত্তা সংক্রান্ত প্রোটোকল প্রণয়ন করা এবং অন্যান্য কৌশল অবলম্বন করার জন্য কর্মী সংগঠনগুলোর প্রযুক্তিগত ও ব্যবহারিক সক্ষমতা গড়ে তুলতে সহায়তা প্রদান করা। অফলাইন ও অনলাইন নিরাপত্তা সংক্রান্ত রীতি ও প্রোটোকল সম্পর্কে প্রশিক্ষণ এবং হাতে কলমে কাজ শেখানো, মানবাধিকারের পক্ষে লড়াই চালিয়ে যাওয়া ব্যক্তিদের জন্য সুরক্ষামূলক সংগঠনগুলোর সঙ্গে কৌশলগত অংশীদারিত্বের বিকাশ এবং পারস্পরিক সহায়তার কর্মপদ্ধতি গড়ে তোলার মাধ্যমে এটি করা যেতে পারে।
- ক্ষমতা গড়ে তোলা, মৈত্রী লালন করা, সংগঠন, কৌশল প্রণয়ন, এবং হুমকিসমূহ অনুমান করার জন্য, বিশেষ করে যেক্ষেত্রে নাগরিক স্থানের প্রতি হুমকি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে সেক্ষেত্রে, কর্মীদেরকে নতুন প্রযুক্তিসমূহ ব্যবহার করার সক্ষমতা প্রদান করতে পাইলট প্রকল্প বাস্তবায়ন বা সক্ষমতা গড়ে তোলার উদ্দেশ্যে সহায়তা প্রদান করা।

আইনি হুমকির প্রতি সাড়াদান এবং আইনি নিরাপত্তা গড়ে তোলা, উদাহরণস্বরূপ:

- শ্রম অধিকারের পক্ষে লড়াই চালিয়ে যাওয়া ব্যক্তিদের এবং শ্রম ও জলবায়ু সংক্রান্ত সমস্যাগুলো নিয়ে কাজ করছেন এমন ব্যক্তিদেরকে সীমাবদ্ধতামূলক আইনের প্রতি সাড়াদান করতে, অথবা পিয়ার সাপোর্ট নেটওয়ার্ক গড়ে তুলতে সহায়তা করার জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান করা।
- সংগঠক ক্যাম্পেইনগুলোকে আসন্ন হুমকি মোকাবেলা করে, বিশেষ করে নাগরিক স্থান বন্ধ হয়ে আসার পরিপ্রেক্ষিতে, টিকে থাকতে সক্ষম করে তোলার জন্য সহায়তা প্রদান করা।
- শ্রম অধিকার সংক্রান্ত সমস্যাগুলো নিয়ে কাজ করার ফলে প্রতিশোধের সম্মুখীন হওয়া শ্রম অধিকারের পক্ষে লড়াই চালিয়ে যাওয়া ব্যক্তিদের উপর আসা হুমকি ও হামলাগুলো নথিভুক্ত করা এবং প্রকাশ করার জন্য সম্মিলিত প্রচেষ্টা গ্রহণ করা।
- শ্রম অধিকারের পক্ষে লড়াই চালিয়ে যাওয়া এবং একটি ন্যায্য শিল্প উত্তরণ এগিয়ে নেওয়ার সময় ট্রেড ইউনিয়ন এবং কর্মীদের অ্যাসোসিয়েশনগুলো নিজেদের সদস্যদের জন্য যেসব কার্যকর সুরক্ষামূলক পদ্ধতি কাজে লাগায় সেগুলো থেকে অর্জিত শিক্ষা ও সেরা রীতিসমূহ নথিভুক্ত ও শেয়ার করা।
- কর্মীদের এবং তাদের পরিবারের জন্য হুমকি, মানসিক আঘাত, শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য কর্মীদের নেতৃত্বে পরিচালিত প্রচেষ্টাসমূহ। এটি কর্মী নেতৃবৃন্দের জন্য বিশ্রাম নেওয়া এবং প্রাণবন্ত হয়ে উঠার উদ্দেশ্যে তাদের দৈনন্দিন কাজ থেকে সরে দাঁড়ানোর সুযোগকে সমর্থন করা থেকে শুরু করে প্রান্তিক কমিউনিটিগুলোতে মানসিক স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্রিক আলোচনাকে নিন্দনীয় মনে না করতে শেখা পর্যন্ত যেকোনো কিছু হতে পারে।



কাজের অবস্থা উন্নত করার জন্য এবং সামষ্টিকভাবে সংগঠন, সংশ্লিষ্টতা ও সমঝোতার মূল সক্ষমতা প্রদানকারী অধিকারগুলো রক্ষা করার জন্য ক্ষমতা গড়ে তোলার কাজ করা, উদাহরণস্বরূপ:

- গিগ কর্মী, ট্রানজিশন মিনারেল সাপ্লাই চেইনের কর্মী, এবং নন-স্ট্যান্ডার্ড কর্মসংস্থানে নিয়োজিত কর্মীদের মধ্যে সামাজিক সংলাপ ও সম্মিলিত হওয়াকে এগিয়ে নেওয়ার কৌশলসমূহ; সংগঠন ও সামষ্টিক সমঝোতার প্রচলিত উপায়ের জন্য সহায়ক নয়;
- অনানুষ্ঠানিক ও প্রান্তিক পর্যায়ের কর্মীদের, বিশেষ করে মহিলা, অভিবাসী এবং নৃতাত্ত্বিক ও জাতিগত সংখ্যালঘুদের স্বীকৃতি ও অধিকারসমূহের জন্য সহায়তা ও সমর্থন প্রদান;
- সময়ের সাথে প্রাসঙ্গিক একটি মাত্র ইস্যুর গণ্ডি পেরিয়ে টিকে থাকবে এমন পরিবর্তন নিয়ে আসার জন্য কিভাবে সফলভাবে সংগঠিত করতে হবে, এবং কর্মকৌশল ও ক্যাম্পেইন গড়ে তুলতে হবে সে সম্পর্কে পিয়ার প্রশিক্ষণ।
- বিশেষ করে নাগরিক স্থান সঙ্কুচিত হয়ে আসার জায়গাগুলোতে, বিভিন্ন খাতের গ্রুপগুলোকে সংগঠিত করা এবং/অথবা একসঙ্গে নিয়ে আসার জন্য অভিনব সমাধান বা উদ্ভাবনমূলক কর্মপ্রচেষ্টা নিয়ে আসা। এর মধ্যে শক্তিশালী ও ফলপ্রসূ মৈত্রী গড়ে তোলা, জনসাধারণের সঙ্গে সম্পৃক্ত হওয়া, এবং নীতিনির্ধারক ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে জবাবদিহিতার মুখোমুখি দাঁড়া করানোর উদ্দেশ্যে যৌথ কর্মকৌশল প্রণয়ন, সামাজিক সংলাপ, সামষ্টিক সমঝোতা, এবং নীতিমালা সমর্থনের বিষয়ে জলবায়ু, ন্যায্য উত্তরণ, গণতন্ত্র, ও লিঙ্গ বিষয়ক আন্দোলনকর্মীদের সঙ্গে শ্রম সংগঠকদের সম্পৃক্ত হওয়ার সক্ষমতা গড়ে তোলা অন্তর্ভুক্ত থাকতে পারে।

## যোগ্যতার শর্তাবলি

নিম্নলিখিত গ্রুপের আবেদনকারীদেরকে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

1. ট্রেড ইউনিয়নগুলোতে অথবা আরো বেশি মিশ্র অ্যাসোসিয়েশন বা গ্রুপগুলোতে সরাসরি কর্মীদের নেতৃত্বে পরিচালিত উদ্যোগসমূহ, যেগুলো প্রাতিষ্ঠানিক শক্তিবৃদ্ধি, সমর্থন, যোগাযোগ এবং সক্ষমতা গড়ে তোলার অন্যান্য ধরন বাস্তবায়নের লক্ষ্য নিয়ে কার্যক্রম পরিচালনা করছে।

2. ঐতিহাসিক কাল থেকে প্রান্তিক পর্যায়ে থাকা গোষ্ঠীগুলো থেকে আসা কর্মীদের এবং/অথবা সংগঠন ও সামষ্টিক সমঝোতার প্রচলিত উপায়গুলো বিশেষভাবে চ্যালেঞ্জিং হয়ে উঠেছে এমন খাত বা কর্মসংস্থানের ধরনসমূহের কর্মী, যেমন ডিজিটাল শ্রমের প্ল্যাটফর্ম, সেবা ও গৃহস্থালী কাজ, অনানুষ্ঠানিক কাজ এবং অভিবাসী কর্মীদের মধ্য থেকে আসা কর্মীদের দ্বারা পরিচালিত প্রচেষ্টাগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

3. **ভৌগোলিক আওতার মধ্যে থাকা** কর্মীদের দ্বারা পরিচালিত সংগঠন, অ্যাসোসিয়েশন এবং আন্দোলনগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে। এই অঞ্চলগুলোর যেকোনোটির পাশাপাশি অন্য একটি অঞ্চলের সম্পৃক্ততা রয়েছে এমন **ক্রস-কান্ট্রি এবং আঞ্চলিক** উদ্যোগগুলোও বিবেচনা করা হবে। পর্যাপ্ত তহবিল পাওয়া গেলে ভবিষ্যতে অন্য দেশগুলোর উপর নিবেদিত মনোযোগ দেওয়ার জন্য এই তহবিল সম্প্রসারণ করা হতে পারে।

একাধিক সংগঠন বা সত্ত্বা সহ-আবেদনকারী হিসেবে প্রস্তাব পেশ করলে তাদের উচিত প্রতিটি সংগঠনের শ্রম বিভাগ এবং সংশ্লিষ্ট ভূমিকাসমূহ উল্লেখ করে দেওয়া।

## ভৌগোলিক আওতা

এই তহবিল **গ্লোবাল সাউথ-এর 11টি ফোকাস দেশে** প্রদান করা হবে। দেশগুলো হলো: আর্জেন্টিনা, বাংলাদেশ, ব্রাজিল, কোস্টারিকা, ইকুয়েডর, ঘানা, ইন্দোনেশিয়া, কেনিয়া, মালয়েশিয়া, দক্ষিণ আফ্রিকা, এবং উগান্ডা।

গণতন্ত্র এবং/অথবা জলবায়ু সংকট নিয়ে সামনের সারিয়ে কাজ করে যাওয়া কর্মীদের অধিকারসমূহের প্রতি হুমকির মাত্রা ও গুরুত্ব, বৃহত্তর বাস্তুসংস্থানে ইতিবাচক পুনর্গঠনের চেষ্টা করার জন্য সুযোগের উপস্থিতি, এবং বৈদেশিক তহবিল প্রদানের জন্য আইনি ও নিয়ন্ত্রক প্রাসঙ্গিকতার ভিত্তিতে এই দেশগুলোকে নির্বাচন করা হয়েছে। আমরা স্বীকার করি যে এই কাজে সহায়তার চাহিদার কোনো কমতি নেই। ভবিষ্যতে তহবিল প্রদানের রাউন্ডগুলোতে আরো দেশের কথা বিবেচনা করা হতে পারে।

## বাজেট এবং সহায়তার সময়কাল

সর্বোচ্চ দুই বছরের জন্য মোট 10,000 ডলার থেকে 100,000 ডলার সীমার মধ্যে বাজেটের অনুরোধগুলো বিবেচনা করা হবে। প্রকল্পগুলো 2024 সালের এপ্রিল মাস থেকে শুরু হতে পারবে এবং কয়েক মাস থেকে শুরু করে দুই বছর পর্যন্ত মেয়াদের হতে পারে।

## কোথায় এবং কখন আবেদন করতে হবে?

DemocracyAtWorkFund.org ওয়েবসাইটে আপনি বিভিন্ন ভাষায় আবেদন ফরমের টেমপ্লেট পেয়ে যাবেন। আবেদনগুলো অবশ্যই এই ফরম্যাটে পূরণ করতে হবে এবং PDF হিসেবে democracyatworkfund@protonmail.com] ইমেইল ঠিকানায় পাঠাতে হবে। প্রস্তাবগুলো বাংলা, বাহাসা ইন্দোনেশিয়া, ইংরেজি, পর্তুগীজ এবং স্প্যানিশ ভাষায় পাঠানো যাবে। জমা দেওয়ার শেষ সময় 31 জানুয়ারি, 2024। যদি আপনার এই প্রক্রিয়াটি সম্পর্কে প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে democracyatworkfund@protonmail.com ঠিকানায় Diana Figueroa-এর কাছে লিখুন।

## নির্বাচন প্রক্রিয়া এবং সময়সূচি

ফাউন্ডেশন এভিনা (Fundación Avina) অনুদানগুলো প্রদান করবে। আবেদনকারীরা উপযুক্ততার মানদণ্ড পূরণ করছে তা নিশ্চিত করতে এভিনা একটি প্রাথমিক স্ক্রিনিং প্রক্রিয়া সম্পন্ন করবে। এরপরে, কর্মী সংগঠনসমূহ, নাগরিক সমাজের সংগঠনসমূহ এবং এই তহবিল কর্তৃক কভার করা দেশগুলোতে শ্রম আন্দোলন সম্পর্কে জ্ঞান রাখে এমন একাডেমিক প্রতিষ্ঠানসমূহের 5 জন নেতা নিয়ে গঠিত একটি নির্বাচন কমিটি প্রস্তাবগুলো পর্যালোচনার দায়িত্ব গ্রহণ করবে। নির্বাচন কমিটির সদস্যদের মধ্যে গ্লোবাল সাউথ-এর কমপক্ষে তিন জন সদস্য এবং যথেষ্ট অন্তর্ভুক্তিমূলক ইনপুট এবং সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করার জন্য লিঙ্গ, জাতি, জাতিস্বত্বা, এবং কাজের আনুষ্ঠানিকীকরণের বৈচিত্র্য প্রতিফলিত করার জন্য বেছে নেওয়া সদস্যরা অন্তর্ভুক্ত থাকবেন। এই নির্বাচন কমিটি একটি পিয়ার রিভিউ প্রক্রিয়া পরিচালনা করবে, যেখানে আবেদনগুলো মূল্যায়ন করা হবে এবং তহবিলের জন্য সুপারিশ করা হবে। স্বার্থের সংঘাত রোধ করার পদক্ষেপসমূহ গ্রহণ করা হবে এবং নিশ্চিত করা হবে যে নির্বাচন কমিটির সংশ্লিষ্টতা এবং বহিরাগত স্বার্থ আবেদনগুলো বস্তুনিষ্ঠভাবে মূল্যায়ন করার জন্য তাদের সক্ষমতায় হস্তক্ষেপ করবে না।

যেসব আবেদনকারীর প্রস্তাবগুলো অনুদানপ্রাপ্তির জন্য নির্বাচন করা হবে তাদেরকে 22 মার্চ 2024 তারিখের মধ্যে অবহিত করা হবে।

## FORGE-এর তহবিলদাতাদের সম্পর্কে

FORGE হলো সবার জন্য কাজ করবে এমন একটি বৈশ্বিক অর্থনীতিকে এগিয়ে নেওয়ার জন্য কাজ করা মানবহিতৈষী দাতাদের একটি সহযোগিতামূলক প্রচেষ্টা। দশজন ভিন্ন দাতার কাছ থেকে দক্ষতা ও সংস্থানসমূহ একত্রিত করার মাধ্যমে আমরা কমিউনিটি এবং কর্মীদের নেতৃত্বে পরিচালিত আন্দোলনগুলোকে বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যাগুলোর পারস্পরিক সংযোগস্থলে পরিবর্তন ত্বরান্বিত করার সক্ষমতা প্রদান করছি। এই সহযোগিতামূলক প্রচেষ্টা সম্পর্কে আরো তথ্য জানতে FORGE-এর ওয়েবসাইটে ভিজিট করুন www.forgefunders.org ঠিকানায়।

ডেমোক্রেসি অ্যাট ওয়ার্ক ফান্ড ফোর্ড ফাউন্ডেশন, ওপেন সোসাইটি ফাউন্ডেশন্স এবং লডেস ফাউন্ডেশনের অর্থায়নে এবং ফাউন্ডেশন এভিনা কর্তৃক পরিচালিত হয়। যদি আপনি এই উদ্যোগে সহায়তা করতে আগ্রহী একজন দাতা হয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে Elizabeth Frantz-এর সঙ্গে elizabeth.frantz@opensocietyfoundations.org এবং Diana Figueroa-এরdiana.figueroa@avina.net সঙ্গে যোগাযোগ করুন।